

সংবাদ বিজ্ঞপ্তি

ডেঙ্গু ও চিকুনগুনিয়া সম্পর্কে জনসচেতনতা বাড়াতে বাউল গানের রোড শো

ঢাকা, ৩০ সেপ্টেম্বর: ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধ সম্পর্কে জনসচেতনতা বাড়াতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) আজ থেকে ৫দিনব্যাপী বাউল ও জারী গানের মাধ্যমে রোড শো এর আয়োজন করেছে। আজ থেকে আগামী ৫দিন যথাক্রমে ডিএনসিসির অঞ্চল ৫, ৩, ২, ৪ ও ১ এ এই রোড শো অনুষ্ঠিত হবে। আজ সকাল সাড়ে ৯টায় কাওরান বাজারে ডিএনসিসি-র প্যানেলভুক্ত মেয়র আলেয়া সারোয়ার ডেইজী এই রোড শো এর উদ্বোধন করেন। উদ্বোধনকালে আলেয়া সারোয়ার ডেইজী বলেন, “মশা এবং মশা বাহিত রোগ নিয়ন্ত্রণে ডিএনসিসি প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করবে। মশা নিয়ন্ত্রণের জন্য নিয়মিত ঔষধ ছিটানো অব্যাহত থাকবে। তবে জনসচেতনতা বাড়ানোর উপরও গুরুত্ব দিতে হবে। জনসচেতনতা বাড়াতে ডিএনসিসি মূলধারার গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমের পাশাপাশি লোকজ মাধ্যম/ফোক মিডিয়া ব্যবহার করবে। এই রোড শো-তে আমরা গানে গানে, লিফলেট বিতরণ করে এবং স্লোগানের মাধ্যমে জনগণকে ডেঙ্গু ও চিকুনগুনিয়া সম্পর্কে সচেতনতা বাড়ানোর জন্য কাজ করবো”।

উল্লেখ্য, ডিএনসিসি ইতোপূর্বে মূলধারার গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ প্রতিরোধ সম্পর্কে নিয়মিত প্রচারাভিযান চালিয়ে আসছে। তাছাড়া বিভিন্ন কমিউনিটিতে ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ প্রতিরোধে গত কয়েকমাস ধরে প্রচারাভিযান ও অবহিতকরণ সভার আয়োজন করা হয়। উদ্বোধন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ডিএনসিসির অঞ্চল ১ এর আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা এস এম অজিয়ার রহমান উপস্থিত ছিলেন।

###



(এ এস এম মামুন)
জনসংযোগ কর্মকর্তা

ইমেইলঃ prddncc@gmail.com

মোবাইলঃ ০১৭১১০৫৬০২৪

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;

২। বিভাগীয় প্রধান (সকল) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;

৩। সিস্টেম এনালিস্ট (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;

৪। নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;

৫। মাননীয় প্যানেল মেয়রের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;প্রধান

৬। নথি।